



सत्यमेव जयते  
पश्चिमबंग सरकार

নারী উন্নয়ন ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দপ্তর



ডায়েরেক্টরেট অফ চাইল্ড রাইটস অ্যান্ড ট্রাফিকিং

## আপনি কি দত্তক নিতে চান ?

**Adoption Regulations 2017** অনুসারে শিশু সন্তান দত্তক নেওয়ার নিয়মাবলী

১। জন্ম থেকে ১৮ বছর বয়স পর্যন্ত যে কোন পরিত্যক্ত, অনাথ, প্রত্যাশিত শিশু যাদের শিশু কল্যাণ সমিতি 'দত্তকের জন্য আইনত বৈধ' হিসাবে শংসাপত্র দিয়েছেন, এমন সকল শিশুদের যে কোন নিঃসন্তান দম্পতি, একক পিতা/মাতা বা নিজের সন্তান আছে এরূপ দম্পতি গ্রহণ করতে পারবেন।

২। **Juvenile Justice (Care and Protection of Children) Act, 2015**-এর ২ নম্বর ধারার (৫২) নম্বর উপধারা অনুযায়ী কোনো দম্পতি অথবা ব্যক্তি তাদের আত্মীয়ের শিশুকে আইনানুগভাবে দত্তক নিতে পারবেন।

৩। আগের বিবাহের এক বা একাধিক শিশুকে বর্তমান বিবাহের দম্পতি আইনগতভাবে দত্তক নিতে পারবেন। সেক্ষেত্রে আগের বিবাহের দম্পতি তাদের শিশুকে প্রত্যর্পন করবেন।

৪। দত্তক নিতে ইচ্ছুক ব্যক্তি বা দম্পতিকে আবশ্যিকভাবে [www.cara.nic.in](http://www.cara.nic.in) এ নিবন্ধিকরণ করতে হবে।

৫। অনলাইনে আবেদনের সময় প্যানকার্ড, ছবি, বিবাহের শংসাপত্র, বাসস্থানের শংসাপত্র, ডাক্তারের শংসাপত্র, বার্ষিক আয়ের শংসাপত্র, জন্ম তারিখের শংসাপত্র ইত্যাদি দম্পতি/ব্যক্তিকে আপলোড করতে হবে।

৬। রাজ্যের বা দেশের যে কোন সরকার অনুমোদিত দত্তক প্রদানকারী সংস্থা থেকে বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এ বিষয়ে বিশদ তথ্য পাওয়া যাবে : [www.cara.nic.in](http://www.cara.nic.in) / [www.wbcdwds.gov.in](http://www.wbcdwds.gov.in)

৭। দত্তক গ্রহণ করার জন্য মোট খরচ ৫৪,০০০ টাকা, এ সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের খরচগুলি নিম্নরূপ :

- ক) সংস্থা দ্বারা গৃহ সমীক্ষার রিপোর্ট তৈরি : ৬,০০০ টাকা
- খ) দত্তক প্রক্রিয়া সমাপ্ত হবার পর সংস্থাকে প্রদেয় অর্থ : ৪০,০০০ টাকা
- গ) দত্তক পরবর্তী সময়ে ২ বছরে ৪ বার গৃহ পরিদর্শনের জন্য সংস্থাকে প্রদেয় অর্থ : ৮,০০০ টাকা

৮। দত্তক গ্রহণ নির্ভর করে সংস্থার দত্তকযোগ্য শিশুর উপস্থিতি এবং আইনি প্রক্রিয়ার উপর।

৯। ক) ০-৪ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে পিতা ও মাতার বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ৯০ বছর। একক পিতা/মাতার ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর।


খ) ৪-৮ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে পিতা ও মাতার বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ১০০ বছর এবং একক পিতা/মাতার ক্ষেত্রে ৫০-এর বেশি নয়।

গ) ৮-১৮ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে দম্পতির বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ১১০ বছর এবং একক পিতা/মাতার ক্ষেত্রে সর্বোচ্চ ৫৫ বছর।


১০। কোন ব্যক্তি বা দম্পতি কোন সংস্থা থেকে যখন কোন শিশু দত্তক হিসাবে প্রতিপালনের জন্য গ্রহণ করবেন নিম্নলিখিত নথিপত্রগুলি সংস্থার কাছ থেকে সংগ্রহ করবেন :

- ক) শিশুর ডাক্তারি পরীক্ষার রিপোর্টের ফটোকপি (MER)
- খ) শিশুর সমীক্ষার রিপোর্টের ফটোকপি (CSR)
- গ) প্রতিপালন যত্নের (Foster Care) চুক্তির ফটোকপি
- ঘ) চাইল্ড ওয়েলফেয়ার কমিটি কর্তৃক প্রদত্ত 'দত্তকের জন্য আইনত বৈধ' শংসাপত্রের ফটোকপি।

১১। শারীরিক ও মানসিকভাবে সম্পূর্ণ সুস্থ এবং আর্থিকভাবে সক্ষম ব্যক্তি/দম্পতি কেবল দত্তক নিতে পারেন।



'J.J.Act 2015 অনুযায়ী কোনো শিশুর বেআইনি দত্তক দিলে বা নিলে কোন ব্যক্তি বা সংগঠনের পাঁচ বছর পর্যন্ত হাজতবাস অথবা এক লক্ষ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে।'



CARA : 1800-11-1311 (Toll Free)

[www.cara.nic.in](http://www.cara.nic.in)

SARA : 033-2321-2270

[adoption.sarawb@gmail.com](mailto:adoption.sarawb@gmail.com)

[www.wbscps.in](http://www.wbscps.in)